



চুরি বিদ্যা

কানু ঝাঁস

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

নিধিরাম নাম করা চোর। নিখুঁত চুরির মাথা সে তল্লাটে কারও ছিল না। সিঁদ কাটা তো তুচ্ছ ব্যাপার, ভালোমত মন্ত্র জানা ছিল তার — মন্ত্রের জোরে ঘরের কর্তাকে ঘুম পাড়িয়ে চুরি করে বেরিয়ে আসতো। জীবনে একবারও ধরা পড়েনি নিধিরাম। সেদিন রাতে নিধিরাম খুব ভালো রোজগার করেছে। রায় দিঘির জমিদার বাড়িতে সোনারবোতাম, আংটি চেন ইত্যাদি অনেক কিছুর। নিধিরাম চোর হলেও ছোটলোক ছিল না। সে চুরি করে বটে কিন্তু একেবারে চোঁছে চুঁছে নয়। চুরির পর দিন যেন গৃহস্থকে ভিক্ষেয় বেরতে না হয় সে দিকে তার নজর থাকে।

রোজগার তার মন্দ হয় নি। মনটা তার খুশি খুশি। শেষ রাতে একটু চাঁদ উঠেছে। সুর করতে করতে সে নিজের গাঁয়ে ঢুকলো। তার পর হাত পা ধুয়ে উঠোনে এসে দাঁড়ালো। চোরের কান খুব সজাগ। নিধিরাম খুব সজাগ হয়ে একটা জিনিস লক্ষ করল তারপর নিজেকে একটু গা ঢাকা দিল। একটা চোর পাশের ঘরে সিঁদ কাটছে। নিধিরাম চোর হলেও অতি বুদ্ধিমান। প্রথমটা তার খুব রাগ হয়েছিল কিন্তু রাগটা বেশিক্ষণ রইল না। কিছুক্ষণ পিছনে দাঁড়িয়ে চোরটার কাজকর্ম দেখে খুশি হল। সিঁদ কেটে চোরটা নিয়ম মারফিক কালো হাড়ি ঢুকিয়ে কেউ জেগে আছে কিনা পরীক্ষা করলো। ঘুম পাড়ানির মন্ত্র পড়ল, নির্ভুলভাবে তালাভাঙ্গা কায়দা বুঝে গেল। আলমারিটা খুলল একটু শব্দ হল না, বাসন পত্তর যেন তার পোষমানা পাখি — নিধিরাম আর থাকতে পারলো না। বলল, সাবাস্। নিধিরামকে দেখে চোর লজ্জায় জিব কেটে মাথা হেঁট করে রইল — নিধিরাম পিঠে চাপড় মেরে বলল, তোমার যে হাত তাতে তোমাকে একটু তালিম দিলে দিব্যি জমিয়ে ফেলবে। চোর নিধিরামের দিকে চেয়ে বলল, অন্ধকারে আমাকে চিনতে পারনি বাবা। আমি তোমার ছেলে নিতাই।

নিতাই তুই? সাবাস বেটা, তোর চুরি করার যে অভিজ্ঞতা দেখলাম তাতে তোর তালিম নিতে হবে না। তুই আমার নাম রাখতে পারবি। এই বলে নিধিরাম মাথা নিচু করে চলে গেল। নিতাই বাবাকে অনুসরণ করল।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com